গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির নভেম্বর-২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাবিবুর রহমান<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ২৭/১১/২০১৯ খ্রিঃ |
| সময় | : | ১৫:০০ ঘটিকা |
| স্থান | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ২৬/০৯/২০১৯ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | জনবল মঞ্জুরি | জনবল মঞ্জুরির প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষাপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অত্যাবশ্যক জনবল বিশেষ করে অত্যাধুনিক অগ্নি-নির্বাপক গাড়ী, এ্যাম্বুলেন্স এর চালকসহ আনুষঙ্গিক জনবল মঞ্জুরির গুরুত্ব বিবেচনা পর্যালোচনাপূর্বক চাহিদা নিরূপণকরত: ২০/১২/২০১৯ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২. | নিয়োগবিধি সংশোধন | মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগপূর্বক প্রেরিত নিয়োগ বিধিমালা সংশোধন কার্যক্রম দ্রুততর সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩. | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ খসড়া পুনঃ প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটিকে আগামী ০১/০১/২০২০ তারিখের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (ও: ফা: প্রি:) |
| ৪. | পরিদর্শন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সুচারুভাবে সম্পন্নকরণের জন্য অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন ও ঢাকা শহরের জোন প্রধানদের মাধ্যমে তাঁর আওতাধীন ঝুঁকিপূর্ণ এলাকায় নিরীক্ষণপূর্বক প্রতি সপ্তাহে কমপক্ষে একটি ভলান্টিয়ার ডেভেলপমেন্ট কোর্স পরিচালনা করে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৫. | পদক প্রদান নীতিমালা প্রণয়ন | সাহসিকতা ও ঝুঁকিপূর্ণ কাজের জন্য "পদক প্রদান নীতিমালা (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর )-২০১৯" চূড়ান্ত করে ১৫/১২/২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৬. | ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট ও সিটিজেন চার্টারে সংযোজিত বিভিন্ন তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ডিএ ডি হেলাল ও আইসিটি সেল |
| ৭. | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ | অত্র অধিদপ্তরের বিভিন্ন সেবা সম্পর্কে মতামত প্রদানের জন্য ওয়েবসাইটের সাবমেন্যুবারে পাবলিক মতামত অন্তর্ভুক্ত রয়েছে। মতামত প্রদানের ব্যবস্থার বিষয়টি দৈনিক পত্রিকা ও আরটিভি-র মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) |
| ৮. | ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন উপযোগী সকল ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্নকরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সীমার বাইরে কোটেশনের মাধ্যমে ক্রয় করা যাবেনা। পিপিএ ২০০৬-এর ধারা ১১ (২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ৩০/০৪/২০২০ এর মধ্যে প্রকল্পসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের ক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে। | ডিডি (পরিকল্পনা কোষ) ও এডি (ক্রয় ও স্টোর) |
| ৯. | ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম সম্পন্নকরণ | সক্ষমতা বৃদ্ধিকল্পে ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নকরণ নিশ্চিত করতে হবে। তাছাড়া ডুবুরিদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মিরপুর ট্রেনিং কমপ্লেক্সের পুকুরটিকে সুইমিং পুলে পরিবর্তন করার পদক্ষেপ নেয়া যেতে পারে। | উপপরিচালক (পরি: কোষ) /(উন্নয়ন) |
| ১০ | কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/ প্রশিক্ষণ প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল; ইনোভেশন; উত্তম চর্চাসহ অন্যান্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানসহ পেশাগত বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স) ও সহকারী |
| ১১ | "এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প" ফেইজ-২ ডিপিপি চূড়ান্তকরণ | এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণের লক্ষ্যে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে "এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প" ফেইজ-২ এর ডিপিপি চূড়ান্তকরণ নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (পরি: কোষ) |

| | | | |
|---|---|---|---|
| ১২ | নথি বিনষ্টকরণ | অধিদপ্তরসহ সকল দপ্তরের নথিসমূহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণিবিন্যাস করে প্রত্যেক দপ্তরের তালিকা নিয়মিত হালনাগাদ রাখতে হবে। নথি বিনষ্টকরণের লক্ষ্যে গঠিত কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ডিডি/এডি/ডিএডি (সকল) |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ অধিনস্ত সকলের অবগতি ও সুচারুভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭-২২২৫৭ তারিখঃ ০১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১. অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ) (প্রকল্প-২৫, সংশোধিত-৪৬)/ (প্রকল্প-১৫৬)/ (সেফার প্রকল্প)/ (ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প)/ (১১ মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (অপাঃ ও মেইন)/ (উন্নয়ন)/ (পরিকল্পনা কোষ)/ (অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ----------------------------বিভাগ,------------------------------------ (সকল)।
৫. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (ওয়্যরহাউজ ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও ষ্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ----------------------------(সকল)।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. উপসহকারী পরিচালক (রিফর্ম সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ফায়ার সেফটি সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (সকল)।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. স্টোর অফিসার, কেন্দ্রীয় স্টোর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিদ্দিকবাজার, ঢাকা।
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।

শামীম আহসান চৌধুরী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)